

১৫/১১/১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমবায় অধিদপ্তর  
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।  
[www.coop.gov.bd](http://www.coop.gov.bd)

৪.১.১৫  
২৯/১/১৫

স্মারক নং-৪৭.৬১.০০০০.০৬৫.১৮.০০১.১৪-২৭৬(৭৬)

তারিখঃ ০২/১/২০১৫ খ্রিঃ।

সার্কুলার

সমবায় অধিদপ্তরের মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্য পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, সারাদেশে বিরাজমান নিবন্ধিত সমবায় সমিতির মধ্যে অধিকাংশ সমবায় সমিতি দীর্ঘদিন যাবৎ নিষ্ক্রিয় ও অকার্যকর অবস্থায় রয়েছে।

বিদ্যমান সমবায় সমিতি আইন এর ৫৩ ধারায় নিম্নবর্ণিত ক্ষেত্রে সমবায় সমিতিগুলির নিবন্ধন সরাসরি বাতিলের বিধান রয়েছে।

ধারা	বিধান
৫৩(ঙ)	উক্ত সমিতির কার্যক্রম বিগত ১ (এক) বৎসর যাবৎ বন্ধ থাকে।
৫৩(চ)	সমিতির পরিশোধিত শেয়ার মূলধন বা সঞ্চয় আমানত নির্ধারিত পরিমাণের কম হইয়া যায়।

বিদ্যমান সমবায় সমিতি আইনে বিধান থাকা সত্ত্বেও মাঠ পর্যায়ে সঠিক প্রয়োগ না হওয়ার কারণে সারা দেশে ক্রমান্বয়ে নিষ্ক্রিয় ও অকার্যকর সমবায় সমিতির সংখ্যা বৃদ্ধি পাচ্ছে; যা অনভিপ্রেত।

এমতাবস্থায়, বিদ্যমান সমবায় সমিতি আইনের সঠিক প্রয়োগের মাধ্যমে সমবায় সমিতির নিবন্ধন বাতিল কার্যক্রম ত্বরান্বিত করা প্রয়োজন।

  
(মোঃ মফিজুল ইসলাম)


নিবন্ধক ও মহাপরিচালক

সমবায় অধিদপ্তর, ঢাকা।

ফোনঃ ৯১৪১১৩১

E-mail: [coop\\_bangladesh@yahoo.com](mailto:coop_bangladesh@yahoo.com)

বিতরণঃ



১। জেলা সমবায় কর্মকর্তা ----- (সকল)।

২। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর।

৩। আন্তঃবিভাগীয় নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স)/সমিতি ব্যবস্থাপনা/(ইপিপি)/অডিট/আইন), সমবায় অধিদপ্তর, ঢাকা/অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী কুমিল্লা।

৪। সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।

স্মারক নং : ৪৭.৬১.৮১০০.০০০.২২.০৭৪.১৫.৬০৪৩ (২০)

তারিখ : ০২/১/১৫ ইং।